গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৩.০০১.১৯/২৮৯ তারিখ: ১৯/১০/২০২১ খ্রিঃ।

**বিষয় : মেসার্স বেলিংক কন্টেইনারস লিঃ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে প্রাইভেট আইসিডি/সিএফএস বা অফডক স্থাপনে সম্মতি প্রদান।**

সূত্র: ১। প্রতিষ্ঠানের ১৮/১১/২০২০ খ্রিঃ তারিখের আবেদন।
২। কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র নং-এস-০৮(২৫) লাই/বন্ড সাঃ/বেলিংক কন্টেইনার/২০২০/১৩৮৯৩, তারিখঃ ১৬/০২/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে মেসার্স বেলিংক কন্টেইনার লিঃ নামীয় প্রতিষ্ঠানের আবেদন, নৌ-পরিবহন মন্ত্রণালয় ও বন্দর কর্তৃপক্ষের অনাপত্তি এবং কাস্টম হাউস, চট্টগ্রাম এর সুপারিশের ভিত্তিতে প্রস্তাবিত অফডক এলাকাকে কাস্টমস বন্ডেড এলাকা হিসেবে ঘোষণা করতঃ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আইসিডি/সিএফএস বা অফডক স্থাপনে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি প্রদান করা হলোঃ

(ক) প্রস্তাবিত অফডক ১৫ একর জায়গার উপর স্থাপন করতে হবে।

(খ) প্রস্তাবিত অফডক বন্দর এলাকা হতে অন্ততঃ ২০ কিঃমিঃ দূরে অবস্থিত হতে হবে।

(গ) প্রস্তবিত আইসিডি/সিএফএস এর ধারণ ক্ষমতা অন্ততঃ ৪৫০০ (চার হাজার পাঁচ শত) টিইইউএস (১ টিইইউএস = ১ টি ২০ ফুট) কন্টেইনার হতে হবে।

(ঘ) আমদানি কন্টেইনার, রপ্তানি কন্টেইনার ও খালি কন্টেইনার হ্যান্ডলিং ও সংরক্ষণের জন্য পৃথকভাবে পর্যাপ্ত আয়তনের যথোপযুক্ত ইয়ার্ড, শেড ও পরীক্ষণ শেড নির্মাণ করতে হবে।

(ঙ) নীলামযোগ্য পণ্য সংরক্ষণের জন্য পৃথকভাবে অকশন ইয়ার্ড স্থাপন করতে হবে।

(চ) কন্টেইনার হ্যান্ডেলিং কার্যক্রম চালুর পূবেই জাতীয় রাজস্ব বোর্ডের কারিগরি সহায়তা নিয়ে Asycuda World Connectivity ও সিস্টেম স্থাপন করতে হবে।

(ছ) আইসিডি/সিএফএস এ পরিচালনাকারীর নিজস্ব লোকবলসহ কাস্টমস কর্তৃপক্ষ ও অন্যান্য ব্যবহারকারীদের প্রয়োজনীয় কাজ সম্পাদনের জন্য পৃথকভাবে পর্যাপ্ত সংখ্যক দপ্তর, কক্ষ, টয়লেট, কেন্টিন, আইটি নেটওয়ার্ক ইত্যাদি সুবিধা থাকতে হবে।

(জ) কাস্টমস কর্মকর্তা/ কর্মচারীদের কমিশনার কর্তৃক নির্ধারিত হারে, পদ্ধতিতে ও পরিমাণে (গ্রেড/বেতন স্কেল অনুযায়ী) অধিকাল ভাতা (এমওটি) প্রদান করতে হবে।

(ঝ) যানবাহনের সুষ্ঠু চলাচল বিবেচনায় রেখে উপযুক্ত মানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক গেইট স্থাপন করতে হবে। কন্টেইনার মুভমেন্ট ও হ্যান্ডলিং এর জন্য আইসিডি'র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরে ইক্যুইপমেন্ট এবং যানবাহনের সুষ্ঠু চলাচলের সুবিধা থাকতে হবে।

(ঞ) অপেক্ষমান যানবাহনের পার্কিং এর জন্য আইসিডি'র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরের পার্কিং সুবিধা থাকতে হবে। আইসিডি/সিএফএস ও তৎসংলগ্ন এলাকায়/সড়কে যাতে কোন যানজট সৃষ্টি না হয় সেজন্য আইসিডি/সিএফএস পরিচালনাকারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ট) আধুনিক ড্রেনেজ সিস্টেমের ব্যবস্থা থাকতে হবে।

(ঠ) পানি ও বিদ্যুতের সার্বক্ষনিক ব্যবস্থা থাকতে হবে।

(ড) আইসিডি/ সিএফএস যথোপযুক্ত সীমানা প্রাচীর দ্বারা বেষ্টিত হতে হবে।

(ঢ) রাজস্ব আদায়ের সুবিধার্থে প্রতিটি আইসিডি/সিএফএস এর বর্হিরাঙ্গনে সোনালী/অগ্রণী/জনতা ব্যাংক এর শাখা/বুথ থাকতে হবে। আর্থিক লেনদেনের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতিক্রমে যে কোন বাণিজ্যিক ব্যাংক আইসিডি/সিএফএস এলাকায় তার শাখা স্থাপনের মাধ্যমে কর্ম পরিচালনা করতে

১২৮

০২। প্রাথমিক পর্যায়ে কেবল খালি কন্টেইনার এবং রপ্তানী পণ্য ভর্তি কন্টেইনার হ্যান্ডলিং করতে পারবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত আইসিডি/সিএফএস নীতিমালার শর্ত পরিপালন করতে হবে।

০৪। সংশ্লিষ্ট কমিশনার প্রস্তাবিত অফডক এর স্থান সরেজমিনে পরিদর্শনপূর্বক যথাযথ পাওয়া গেলে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা (অফেরতযোগ্য) ফি গ্রহণপূর্বক প্রতিষ্ঠানটিকে সাময়িক বন্ড লাইসেন্স প্রদান করে বন্ড লাইসেন্সের শর্ত ও সীমা নির্ধারণ করবেন।

০৫। পণ্যের কায়িক পরীক্ষা/আনস্টাফিং, খালি কন্টেইনার ও রপ্তানি পণ্য হ্যান্ডেলিং এর জন্য নিম্নবর্ণিত ইক্যুইপমেন্ট প্রস্তাবিত অফডক এ স্থাপন করতে হবে:

(ক) লোড কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য:

| | |
|---|---|
| (a) Rail Mounted Gantry Crane | ২ ইউনিট অথবা, |
| (b) Rubber Tyred Gantry Crane | ৩ ইউনিট অথবা, |
| (c) Straddle Carrier (4 High) | ৩ ইউনিট অথবা, |
| (d) Reach Staker ( 3 High) | ৩ ইউনিট অথবা, |
| (e) Front Loader ( 3 High) | ৩ ইউনিট |

(খ) খালি কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্যঃ

(a) Empty Container Handler/Front loader/Reach Stacker- ২ ইউনিট স্টাফিং/আন-স্টাফিং ইকুইপমেন্ট:

(গ) স্টাফিং/আন-স্টাফিং ইক্যুইপমেন্ট:

(a) Lawmast Forklift truck- ৫ ইউনিট

(ঘ) ট্রান্সপোর্টেশন ইক্যুইপমেন্ট

(a) Tractor- Trailer- ১৮ ইউনিট

(চ) কন্টেইনার স্ক্যানিং মেশিন ১ টি (অপশনাল)। তবে, প্রতিষ্ঠান কন্টেইনার স্ক্যানিং মেশিন স্থাপন করলে এবং উপযুক্ততার প্রমাণ করতে পারলে জাতীয় রাজস্ব বোর্ড/সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক আমদানি পণ্য হ্যান্ডেলিং এর সংখ্যা/পরিমাণ, সময় সময় বাড়ানো হবে।

(ছ) স্কেল ও ওয়েব্রিজ ২ টি করে।

(জ) সিসিটিভি ক্যামেরা, লাইটিং ব্যবস্থা, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট (প্রয়োজনীয় সংখ্যক)।

০৬। অনুচ্ছেদ-৫ অনুযায়ী যন্ত্রপাতি স্থাপন এবং উপর্যুক্ত শর্ত পরিপালন সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কমিশনারের নিকট চূড়ান্ত বন্ড লাইসেন্স প্রদানের জন্য আবেদন করবে। চূড়ান্ত বন্ড লাইসেন্স প্রাপ্তির পর আমদানি পণ্য খালাসের অনুমতি দেয়া যাবে।

০৭। প্রতিষ্ঠান কর্তৃক অফডক স্থাপনে জাতীয় রাজস্ব বোর্ড এর সম্মতি পত্রের উল্লিখিত শর্তসমূহ পরিপালনে ব্যর্থ হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

১৯/১০/২২

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

**প্রাপক :**

কমিশনার,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

১২৭

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৩.০০১.১৯/ ২৮১ (৭) তারিখ: ১৯/১০/২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স বেলিংক কন্টেইনারস লিঃ, চট্টগ্রাম।
৫। পি এ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬-৭। অফিস কপি/গার্ড কপি।

১৯/১০/২২

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com